

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রতিষ্ঠান ও দপ্তরের পরিত্যক্ত ভবন, আসবাবপত্র, মালামাল, আবশ্যিকভাবে কর্তনযোগ্য গাছপালা, ঝড়ে পড়া, মরে যাওয়া ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত গাছপালা নিলামের নিমিত্ত গঠিত উপজেলা পর্যায়ের নিলাম কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মুহাম্মদ আল-আমিন, উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা
 সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ
 সভার তারিখ : ০১.০৪.২০২৪ খ্রি:। সময় : সকাল ১০.০০ টা
 সভা নং : ১০
 উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'

অদ্য ০১.০৪.২০২৪ খ্রি: তারিখ সকাল ১০.০০ টায় উপজেলা নিলাম কমিটির এক সভা উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার আলোচ্যসূচী নিম্নরূপ:

আলোচ্য বিষয় :

১. অব্যবহৃত/পরিত্যক্ত ভবন/মালামাল নিলামে বিক্রয় প্রসঙ্গে
২. আবশ্যিকভাবে কর্তনযোগ্য গাছপালা নিলামে বিক্রয় প্রসঙ্গে
৩. বিবিধ।

আলোচনা : অব্যবহৃত ও পরিত্যক্ত বিদ্যালয় ভবন/মালামাল নিলামে বিক্রয় প্রসঙ্গে:

উপজেলা শিক্ষা অফিসার জানান যে, অত্র উপজেলার নিম্নবর্ণিত ০৯ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পরিত্যক্ত/অব্যবহৃত ভবন এবং ০২ টি বিদ্যালয়ের পরিত্যক্ত মালামাল রয়েছে যা নিলামে বিক্রয় করা প্রয়োজন। সংশ্লিষ্ট বিদ্যালয় ম্যানেজিং কমিটি রেজুলেশনসহ উক্ত ভবনসমূহ অপসারণের জন্য আবেদন জানিয়েছেন। উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ডুমুরিয়া, খুলনা কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক পরিত্যক্ত ভবন ও মালামাল সমূহের মূল্য নির্ধারণ (প্রাক্কলণ) করা হয়েছে যে গুলো নিম্নরূপ :

ক্র: নং	বিদ্যালয়ের নাম
১	শোভনা তরুন সংঘ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পরিত্যক্ত মালামাল
২	বারুইকাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত ভবন
৩	বাগআঁচাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত মালামাল
৪	দেড়ুলী পশ্চিমপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত ভবন
৫	বাদুরগাছা শিবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত ভবন
৬	পশ্চিম বিলপাবলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত ভবন
৭	কাঠালিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত টয়লেট
৮	কুড়েঘাটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত ভবন
৯	কাঞ্চননগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত ভবন
১০	বিলপাবলা লাইন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত ভবন
১১	সাজিয়াড়া ভুলটিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত ভবন

এছাড়া ওয়াশরুম ও বাউন্ডারী ওয়াল নির্মাণ এবং মরে যাওয়ার কারণে নিম্নবর্ণিত ০৬ টি বিদ্যালয়ে ২৩ টি গাছ আবশ্যিকভাবে কর্তনযোগ্য

ক্র: নং	বিদ্যালয়ের নাম
১	সেনপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কর্তনযোগ্য ৫ টি মেহগনী গাছ
২	পশ্চিম গুটুদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কর্তনযোগ্য ১ টি আমড়া ও ১ টি ইউক্রিপটাস গাছ
৩	গজেন্দ্রপুর দক্ষিণপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কর্তনযোগ্য ৩ টি মরা শিরিস গাছ
৪	খরসঙ্গ শোলগাতিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কর্তনযোগ্য ৬ টি মরা মেহগনী গাছ
৫	পূর্ব ডুমুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কর্তনযোগ্য ৪ টি শিরিস গাছ
৬	খড়িয়া মির্জাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কর্তনযোগ্য ৩ টি মেহগনী গাছ